

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

ই-মেইল: nbrclassification@gmail.com

স্বাক্ষরিত
29.01.2016
তারিখ: ২৩/০১/২০২০ খ্রিঃ

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.১৮/০৭

বিষয়ঃ আমদানিকৃত Printing Plate এর শ্রেণিবিন্যাসকরণ ও এইচ.এস কোড নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

বিগত ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখে আমদানিকৃত Printing Plate নামক পণ্যের এইচ.এস কোড নির্ধারণ সংক্রান্ত শ্রেণিবিন্যাস বিষয়ক সভা সদস্য (শুল্ক নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম, কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা, যুগ্ম কমিশনার, মোংলা কাস্টম হাউস, খুলনা, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), আমদানিকারকের প্রতিনিধি, এবং জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং) উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত ব্যক্তিবর্গের তালিকা নথিতে রক্ষিত আছে। সভায় পণ্যের নমুনা সহ প্রাসঙ্গিক দলিলাদি ও তথ্য উপাত্ত পর্যালোচনা করা হয়।

২। সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার পটভূমি উপস্থাপনের জন্য অনুরোধ করলে দ্বিতীয় সচিব উপস্থিত সদস্যগণের নিকট সভার নির্ধারিত কার্যপত্রটি উপস্থাপন করেন।

৩। সভায় আলোচনা হয় যে Modern Imaging Technology Ltd. নামীয় প্রতিষ্ঠানটি দীর্ঘদিন যাবৎ Printing Plate কে H.S Code-8442.50.20 ঘোষণায় আমদানি করে খালাস গ্রহণ করে আসছে। উক্ত পণ্যটি মূলধনী যন্ত্রপাতির রেয়াতি সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপন নং-128/2017 মোতাবেক রেয়াতি সুবিধা প্রাপ্ত। তবে শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট কর্তৃক উক্ত পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে প্রাথমিক ভাবে আপত্তি উত্থাপন করা হয়। তাদের ভাষ্যমতে পণ্যটি Unexposed Photosensitive Plate যার H.S Code-3701.30.10। উক্ত পণ্যটির শুল্কায়নে অসত্য ঘোষণা সংঘটিত হয়েছে মর্মে দাবী করে ফাঁকিকৃত রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মোংলা কাস্টম হাউসকে অনুরোধ করে। সে প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড বিষয়টি অধিকতর পর্যালোচনা করে আমদানিকৃত পণ্য চালানের নমুনা (প্রয়োজনে আমদানিকারক থেকে সংগ্রহ করে), ইনভয়েন্স, প্যাকিং লিস্ট, ক্যাটালগ, এলসি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন, Bangladesh Customs Traiff (BCT) এবং Explanatory Notes এর ব্যাখ্যা প্রভৃতি পরীক্ষাপূর্বক মতামত প্রেরণের জন্য মোংলা কাস্টম হাউস কে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা অনুযায়ী মোংলা কাস্টম হাউস, খুলনা বিষয়টি অধিকতর পরীক্ষা নিরীক্ষা করে কাস্টম হাউস কর্তৃক সম্পাদিত শুল্কায়ন ও নির্ণিত H.S Code সঠিক রয়েছে মর্মে মতামত প্রদান করে। পরবর্তীতে কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেটও বিষয়টি অধিকতর পর্যালোচনা করে পণ্যটির শুল্কায়িত H.S Code-8442.50.20 সঠিক রয়েছে মর্মে মতামত প্রদান করেছেন। উল্লেখ্য, আমদানিকৃত প্রতিটি পণ্য চালানেরই শতভাগ কায়িক পরীক্ষণ সম্পন্ন হয়েছে। কায়িক পরীক্ষার প্রতিবেদনে আমদানিকৃত পণ্যকে Printing Plate মর্মে সাব্যস্ত করা হয়েছে। পরবর্তীতে পণ্যের নমুনা বিচার-বিবেচনা করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনায় পণ্যটির নমুনা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। তাছাড়া পণ্যের নমুনা মোংলা কাস্টম হাউস, শুল্ক মূল্যায়ন কমিশনারেট ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক একাধিকবার পরীক্ষা করা হয়েছে। এসকল পর্যালোচনায় দেখা যায় পণ্যটি মূলত Aluminium এর তৈরি পাতলা Metal Sheet যাতে Photosensitive emulsion অথবা Photosensitive Plastics এর কোন আবরণ নেই। রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনে পণ্যটিকে Printing Plate হিসেবে উল্লেখ করা হয়েছে। ফলে বিবেচ্য পণ্যটি ঘোষণানুযায়ী Printing Plate (H.S Code-8442.50.20) তে শুল্কায়ন সঠিক আছে মর্মে সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক মতামত প্রেরিত হয়েছে। উল্লেখ্য, এ বিষয়ে চট্টগ্রাম কাস্টম হাউস হতে ভিন্নতর মতামত সম্বলিত একটি পত্র কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে যে সাধারণত Printing Plate ঘোষণায় যে পণ্য আমদানি করা হয় সেটি মূলত এ্যালুমিনিয়াম শিটের একপাশে Photo sensitive পদার্থের প্রলেপযুক্ত। সে হিসেবে পণ্যগুলি photomechanical process plate হিসেবে Photo engraving ও Photo lithography তে ব্যবহৃত হয়। উক্ত প্রক্রিয়া দুইটি Printing process এর অংশ। সে বিবেচনায় পণ্যটি হেডিং নং 3710 এ শ্রেণিবিন্যাসযোগ্য। তাছাড়া হেডিং নং 8442 এর ক্ষেত্রে পণ্যগুলি Printing এর জন্য সম্পূর্ণ তৈরিকৃত Printing Machine এ সরাসরি ব্যবহার উপযোগী Parts হতে হবে মর্মে উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে। কেননা Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী Developed Plates for printing purpose (e.g. offset) ready for use কে হেডিং 3710 এর আওতা বহির্ভূত রাখা হয়েছে। সে বিবেচনায় পণ্যগুলি 3710 হেডিংভুক্ত। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-১ (২২) শৃংখলাঃওবাঃ/২০০৫ মূলে Printing Plate এর শ্রেণিবিন্যাস বিষয়ে ইতোমধ্যে পণ্যটিকে Photo sensitive মর্মে একটি সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

৪। এ বিষয়ে আমদানিকারকের প্রতিনিধি উল্লেখ করেন যে তারা দীর্ঘদিন যাবত পণ্যটি Printing Plate হিসেবে আমদানি ও খালাস করে আসছেন। পণ্যটি বস্তুতপক্ষে Printing Machine এর ধাতব পার্টস। পণ্যটির বিপরীতে প্রতিটি আমদানি চালানে কার্যিক পরীক্ষা, বহবার রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। তাছাড়াও কাস্টমস কর্তৃপক্ষ বহবার যাচাই বাছাই করে পণ্যটিকে প্রিন্টিং প্লেট হিসেবে হেডিং 84.42 এ শ্রেণিবিন্যাসিত করেছেন। তাছাড়াও বিশেষজ্ঞ মতামতে Photo sensitivity নাই মর্মে সনাক্ত করায় পণ্যটি উক্ত হেডিং এ শ্রেণিবিন্যাস করা যথাযথ। পরবর্তিতে, কমিশনার, কাস্টমস মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট উল্লেখ করেন যে পণ্যটির শ্রেণিবিন্যাস বিষয়ে ইতোপূর্বে তার দপ্তর হতে আপত্তি উত্থাপন করা হয় এবং পরবর্তিতে তা অধিকতর পর্যালোচনায় প্রত্যাহার করা হয়েছে। প্রাথমিকভাবে পণ্যটিতে Photo sensitivity রয়েছে মর্মে ধারণা করায় এ আপত্তি উত্থাপন করা হয়েছিল। তবে পরবর্তিতে পণ্যটির নমুনা, কাস্টম হাউসের কার্যিক পরীক্ষা, রাসায়নিক পরীক্ষা বিশ্লেষণে Photo sensitivity উল্লেখ না থাকায় এ আপত্তি প্রত্যাহার করা হয়। এ বিষয়ে মোংলা কাস্টম হাউসের যুগ্ম কমিশনার সভায় তার দপ্তরের লিখিত অবস্থান ব্যক্ত করেন। সেখানে কাস্টম হাউসের সম্পাদিত কার্যিক পরীক্ষা, কুয়েট হতে সম্পাদিত রাসায়নিক পরীক্ষা প্রভৃতিতে পণ্যটিকে Photo sensitive নয় মর্মে উল্লেখ রয়েছে। এ পর্যায়ে প্রথম সচিব কাস্টম ক্লাসিফিকেশন Photo sensitivity বলতে কী বোঝায় তা উপস্থিত বিশেষজ্ঞদের কাছে জানতে চান। সে প্রেক্ষিতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), প্রতিনিধি জানান যে রাসায়নিক পরীক্ষার সময় যে নমুনা উপস্থাপন করা হয়েছে সে নমুনাটির তারা রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করেছেন। সে প্রেক্ষিতে যে বিশেষ বিষয়গুলো প্রতিবেদনে অন্তর্ভুক্তকরণের অনুরোধ করা হয়েছিল তারা নেসকল বিষয়ে পর্যবেক্ষণ প্রদান করে প্রতিবেদন প্রদান করেছেন। Photo sensitivity বিষয়টি একটি আপেক্ষিক বিষয় উল্লেখ করে তিনি জানান সাধারণত দৃশ্যমান কোন আলোর ফোটন (কনিকা) কোন বস্তুর উপর পতিত হলে তার যে প্রতিক্রিয়া তৈরি হয় তাই Photo sensitivity। যেমন কোন প্লেট বা ফিল্মের উপর আলো পড়লে তার রিএকশন করার বিষয়টি এ ক্ষেত্রে বিবেচ্য। সংবেদনশীল এ জাতীয় পণ্য অনেকসময় এ প্রতিক্রিয়ার ফলে ব্যবহার অনুপযোগী হয়ে পড়তে পারে। যেমন ক্যামেরা ফিল্ম, প্লেট প্রভৃতি। এ বিষয়ে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), প্রতিনিধির মতামত কামনা করা হলে তিনিও একই মতামত ব্যক্ত করেন। তবে Photo sensitivity বা সম্ভাব্য ব্যবহার বা অন্যান্য টেকনিক্যাল বিষয়ে তারা মতামত প্রদান করলেও উক্ত পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক ব্যাখ্যা প্রদানের বিষয়টি কাস্টমস আইন এবং বিধিবিধান অনুসারে নির্ধারিত হবে মর্মে তিনি উল্লেখ করেন। তারা উভয়েই দাবী করেন যে তাদের ইতোপূর্বে প্রদত্ত প্রতিবেদনে প্রাপ্ত নমুনা বিশ্লেষণ করে যথাযথ তথ্য সন্নিবেশন করা হয়েছে।

৫। এ পর্যায়ে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম তার বক্তব্য সভায় উপস্থাপন করেন। তিনি সভায় আমদানিকৃত পণ্যের নমুনা উপস্থাপন করে ব্যবহারের পর উক্ত পণ্যের ভৌত অবস্থা কীরকম হবে তা প্রদর্শন করেন। অর্থাৎ এ ক্ষেত্রে আমদানিকৃত ও ব্যবহারের আগের পণ্য ও ব্যবহারের পরের পণ্যের নমুনা সভায় উপস্থাপন করে ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে আলোচ্য পণ্যের Photo sensitivity বিষয়টি ব্যাখ্যা করেন। তিনি উল্লেখ করেন যে প্রিন্টিং প্রতিষ্ঠানের ডার্করুমের ভেতর ultra violet ray এর সাহায্যে এই পণ্যের একপাশে (যে পাশে রং করা রয়েছে) ২১০-২২০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় উত্তপ্ত করে উক্ত রংয়ের প্রলেপকে নির্দিষ্ট ডিজাইনে পুড়িয়ে ফেলা হয়। তখন উক্ত রং পুড়ে গিয়ে ভেতরের অ্যালুমিনিয়াম সিটটি উন্মুক্ত হয়। এভাবে পুড়িয়ে পুড়িয়ে এ প্লেটকে প্রিন্টিং মেশিনে ব্যবহার উপযোগী Printing Plate এ রূপান্তর করা হয়। এরপর উক্ত সিটকে প্রিন্টিং মেশিনের সাহায্যে রোলারের গায়ে বেধে রংয়ের মিশ্রণ মেখে নির্দিষ্ট বস্তুর উপর ছাপ দেয়া হয়। এভাবে প্রিন্টিং এর কাজ চলতে থাকে। আমদানি করার প্রাক্কালে পণ্যটি প্রিন্টিং মেশিনে ব্যবহার উপযোগী থাকেনা বিধায় এটি কোন যন্ত্র বা যন্ত্রাংশ নয়। ফলে Explanatory Notes এর এর ব্যাখ্যানুযায়ী পণ্যটি heading 84.42 ভুক্ত নয়। তাছাড়া পণ্যটির সবুজ রংয়ের প্রলেপ দেয়া পৃষ্ঠ ডার্করুমের ভেতর ২১০-২২০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় উত্তপ্ত করার মাধ্যমে একে ব্যবহার উপযোগী করার বিষয়টিই এ ক্ষেত্রে Photo sensitivity হিসেবে বিবেচ্য। তাছাড়াও পণ্যটিকে হেডিং নং 37.01 এ শ্রেণিবিন্যাসকরণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-১ (২২) শৃংখীঃওবাঃ/২০০৫ মূলে ইতোমধ্যে একটি সিদ্ধান্ত প্রদান করা হয়েছে যা অদ্যাবধি বলবৎ রয়েছে।

৬। সভাপতি মহোদয় উক্ত সভায় মিলিত হয়ে সক্রিয় আলোচনায় অংশ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

৭। সিদ্ধান্তঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-১ (২২) শৃংখীঃওবাঃ/২০০৫ মূলে আমদানিকৃত Printing Plate এইচএস হেডিং 37.01 এ শ্রেণিবিন্যাস বিষয়ে ইতোমধ্যে একটি সিদ্ধান্ত প্রদান করা হয়েছে যা অদ্যাবধি বলবৎ রয়েছে। ফলে উক্ত নির্দেশনা পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

স্বাক্ষরিত

তারিখ: ২০/০১/২০২০

(সৈয়দ গোলাম কিবরীয়া)

সদস্য (শুদ্ধ নীতি ও আইসিটি)

প্রাপক :

কমিশনার


কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.১৮/০৭ (০২)

তারিখ: ২৩/০১/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। প্রথম সচিব (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পিএটু সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। Managing Director, Modern Imaging Technology Ltd. ১৪ পুরানো পল্টন, দারুস সালাম আর্কেড, ওয় তলা, ঢাকা-১০০০।


২৩/০১/২০২০

(মোঃ জাহাঙ্গীর আলম)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং